# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৩৩টি প্রতিষ্ঠানকে ৩.৭৭ লক্ষ টাকা জরিমানা

**১১ ডিসেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, সিলেট, মৌলভীবাজার, পঞ্চগড়, বাগেরহাট ও মাগুরায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর সূত্রাপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আল ইসলাম রেস্টুরেন্টকে ৭০,০০০/- **(সত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর সূত্রাপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ক্যাফে ইউসুফ মিনি চাইনিজ ও ইসলামিয়া রেস্টুরেন্টকে যথাক্রমে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মেড মার্টকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকাসহ মোট **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর খিলগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নোয়াখালী রেস্তোরা ও বৈশাখী রেস্টুরেন্টকে যথাক্রমে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিক্রমপুর (ভাগ্যকুল) মিষ্টান্ন ভান্ডার ও সেঞ্চুরি সুইটস এন্ড বেকারীকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মিঠাইকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকাসহ মোট **১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের পাহাড়তলী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের হালিশহর থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের দক্ষিণ সুরমা থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর ও রামপাল উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **১১,৫০০/- (এগার হাজার পাঁচশত)** টাকা এবং মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরার শ্রীপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৭২,৫০০/- (বাহাত্তর হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আতিয়া সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বার্গার এন্ড বুস্টকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬৫০/- (ছয়শত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ARSALAN, গোল্ডেন সান বাংলা রেস্তোরা ও Guha The Cave Kitchen কে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **৪,০০০/- (চার হাজার)** টাকা ও **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **১২,০০০/- (বার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়।

আজকের **১০টি** বাজার তদারকি ও **৪টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৩৩টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৭৭,০০০/- (তিন লক্ষ সাতাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৪ জন** অভিযোগকারীকে মং **৩,৬৫০/- (তিন হাজার ছয়শত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ মাসুম আরেফিন)
সহকারী পরিচালক (তদন্ত)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, মৌলভীবাজার, পঞ্চগড়, বাগেরহাট ও মাগুরা।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, মৌলভীবাজার, পঞ্চগড়, বাগেরহাট ও মাগুরা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।